

নটর ডেমে একাদশ শ্রেণিতে ভর্তিতে লাগবে যেসব যোগ্যতা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:৩৪, ১৪ মে ২০২৪



নটর ডেম কলেজ।

রাজধানীর নটর ডেম কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্যতার শর্ত প্রকাশ করেছে। দেশের অন্যতম শিক্ষাপ্রতিষ্ঠানটি ২০২৪-২৫ শিক্ষাবর্ষেও নিজস্ব প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তি করবে।

মঙ্গলবার (১৪ মে) একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করতে বলা হয়েছে।

এতে বলা হয়েছে, শিক্ষা বোর্ড কর্তৃক ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের তারিখ ঘোষণার পর ভর্তি সংক্রান্ত তথ্য কলেজের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে। প্রতি বছরের মতো এবারও নটর ডেম কলেজ নিজস্ব প্রক্রিয়ায় অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ করবে।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

বিজ্ঞান বিভাগ: বাংলা মাধ্যম ও ইংরেজি ভাস্কর (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগ জিপিএ-৩ এবং ব্যবসায় শিক্ষা বিভাগ জিপিএ-৪। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভাস্করনের জন্য আবেদন করতে পারবে না। 'ও' লেভেল শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হয় না।

এছাড়া বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে, বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৫০, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে জিপিএ-৩.৫০ থাকতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, নটর ডেম কলেজে ভর্তির জন্য কোনো কোচিং সেন্টারে ভর্তির প্রয়োজন নেই।

এসআর